গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-০৭)-২৮৬

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯
২৬ এপ্রিল ২০২২

বিষয়: **সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ০৪নং ইছাকলস ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য জনাব মো: সাইদুর রহমান এর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।**

সূত্র: জনাব মো: সাজ্জাদুর রহমান সাজু, চেয়ারম্যান, ০৪নং ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট এর আবেদন, তারিখ: ১০/০৪/২০২২।

উপর্যুক্ত বিষয়ে, জনাব মো: সাজ্জাদুর রহমান সাজু, চেয়ারম্যান, ০৪নং ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট এর আবেদনটি (সংযুক্তিসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

২৬-৪-২০২২
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
ইমেইল: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-০৭)-২৮৬/১

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯
২৬ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
৫) জনাব মো: সাজ্জাদুর রহমান সাজু, চেয়ারম্যান, ০৪নং ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

২৬-৪-২০২২
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব

বিশ টাকা — বাংলাদেশ কোর্ট ফি

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বরঃ............... তারিখঃ............... | স্বাক্ষর |

বরাবর

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : সিলেট জেলাধীন কোম্পানীগঞ্জ উপজেলার ৪ নম্বর ইছাকলস ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড সদস্য জনাব মোঃ সাইদুর রহমান (প্রকাশিত ডাক নাম-সাইদুল ইসলাম)-এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

জনাব

যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী সিলেট জেলাধীন কোম্পানীগঞ্জ উপজেলার ৪ নম্বর ইছাকলস ইউনিয়নের নব-নির্বাচিত ইউপি চেয়ারম্যান। সারাদেশের ন্যায় সরকারি নির্দেশনা মোতাবেক সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার সবকটি ইউনিয়ন পরিষদে ইতোমধ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং আমরা সবকটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ ইতোমধ্যে শপথ গ্রহণপূর্বক নিজ নিজ দায়িত্ব পালন করছি।

২। মহোদয়, আমার ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের নব-নির্বাচিত ইউপি সদস্য জনাব মোঃ সাইদুর রহমান (প্রকাশিত ডাক নাম-সাইদুল ইসলাম) এলাকায় চিহ্নিত একজন চাঁদাবাজ, সন্ত্রাসী, গরু চোর ও খুনি। নিজ স্বার্থের জন্য তিনি এমন কোন কাজ নেই যা তিনি ঘটাতে পারেন না। বর্ণিত ইউপি সদস্যের জন্য সৃষ্ট ৯ নম্বর ওয়ার্ডের একটি সালিশ বৈঠকে আমি গত ১৯ মার্চ, ২০২২ তারিখ অনুমান দুপুর ১২:০০ ঘটিকার সময় ইউনিয়ন চেয়ারম্যান হিসেবে যোগদান করি। কিন্তু সালিশ বৈঠকের সিদ্ধান্তটি সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের বিরুদ্ধে গেলে তিনি ও তার সন্ত্রাসী বাহিনী দ্বারা অতর্কিতভাবে আমার উপর আক্রমণ করেন। তার আক্রমনে আমি তাৎক্ষনিকভাবে অজ্ঞান হয়ে গেলে উপস্থিত সালিশ ব্যক্তিগণ আমাকে নিয়ে সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট-এ চিকিৎসা গ্রহণ করান। আমি হাসপাতালে কিছুদিন অবস্থান করে কিছুটা সুস্থ হওয়ায় বাসায় চলে যাই (চিকিৎসাধীন ছবি ও চিকিৎসকের পরামর্শপত্র সংযুক্ত)। বর্ণিত হামলা এবং সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের বিরুদ্ধে মামলার বিষয়টি স্থানীয় এবং জাতীয় বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত হয় (ছবি ও পত্রিকার কাটিং কপি সংযুক্ত)।

৩। মহোদয়, কোম্পানীগঞ্জ উপজেলার ৪ নম্বর ইছাকলস ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের নবনির্বাচিত সদস্য জনাব মোঃ সাইদুর রহমান (প্রকাশিত ডাক নাম-সাইদুল ইসলাম) এতটাই সন্ত্রাসী, চাঁদাবাজ, খুনি, গরু চোর, মাদক ব্যবসায়ী ও ধূর্ত যে নির্বাচিত হওয়ার পর ইতোমধ্যে তার নামে কোম্পানীগঞ্জ থানায় ৪ (চার) ফৌজদারী মামলা দায়ের হয়েছে। যা নিম্নরূপ :-

* ১ম কোম্পানীগঞ্জ থানা : মামলা নম্বর-২০, তারিখ : ১৯ মার্চ, ২০২২, জিআর নম্বর-৬৩/২০২২, ধারা : ১৪৩/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/১১৪. পেনাল কোড (মামলার ১ নম্বর আসামী)

** ২য় কোম্পানীগঞ্জ থানা : মামলা নম্বর-২৪, তারিখ : ২৫ মার্চ, ২০২২, জিআর নম্বর-৬৭/২০২২, ধারা ১৪৩/৩২৩/৩৫৪/৩৮০/৪২৭/৪৪৮/৫০৬ (২)/৩৪. পেনাল কোড (মামলার ১ নম্বর আসামী)

*** ৩য় কোম্পানীগঞ্জ সি.আর মামলা-৩৭/২০২২, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত নম্বর-০৭. The Penal Code, ১৮৬০-এর ১৪৩/৩২৩/৩৫৪/৩৮০/৪২৭/৪৪৮/৫০৬ (২)/৩৪ (মামলার ১ নম্বর আসামী)

**** ৪র্থ কোম্পানীগঞ্জ থানা : মামলা নম্বর-০৩, তারিখ : ০২ এপ্রিল, ২০২২, জিআর নম্বর-৭৬/২০২২, ধারা ১৪৩/৩২৩/৩৮০/৪৪৮/৪০৬/৫০৬ (২)/৩৪. পেনাল কোড-১৮৬০ (মামলার ১ নম্বর আসামী)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ডাইরী নং................ তারিখ:..............
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইউপ..........১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা

অতিরিক্ত সচিব (ইউপি)
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ.........
নম্বর.........

৪। আমার বিরুদ্ধে ৪ নম্বর ইছাকলস ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের নবনির্বাচিত সদস্য জনাব মোঃ সাইদুর রহমান (প্রকাশিত ডাক নাম-সাইদুল ইসলাম) কর্তৃক সন্ত্রাসী হামলার প্রতিবাদে আমার সাথে একাত্মতা প্রকাশ করে আমাদের উপজেলার অপর ৫ (পাঁচ) টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সন্ত্রাসী আক্রমনের নিন্দা ও বর্ণিত সদস্যের গ্রেপ্তারসহ তার সদস্য পদ বাতিল করার জন্য জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন বরাবরে বিনীতভাবে আহবান করেন।

৫। এমতাবস্থায়, মহোদয়ে সমীপে প্রার্থনা, কোম্পানীগঞ্জ উপজেলার ৪ নম্বর ইছাকলস ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের নবনির্বাচিত সদস্য জনাব মোঃ সাইদুর রহমান (প্রকাশিত ডাক নাম-সাইদুল ইসলাম) কর্তৃক আমার উপর সন্ত্রাসী আক্রমণ করে মারাত্মকভাবে রক্তাক্ত জখম করায় তার বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন মোতাবেক তার সদস্যপদ বাতিল করতঃ তার বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্ত : বর্ণনামতে একাধিক স্থানীয় ও জাতীয়
দৈনিক পত্রিকার ছায়ালিপি, মামলাসমূহের কাগজাদি
এবং ইউপি সদস্য কর্তৃক হামলায় আহত চেয়ারম্যানের
চিকিৎসাধীন ছবি---------৩১---------পাতা।

বিনীত, নিবেদক
সিলেট জেলাধীন কোম্পানীগঞ্জ উপজেলার
৪ নম্বর ইছাকলস ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

১০/৪/২০২২

(মোঃ সাজ্জাদুর রহমান সাজু)
চেয়ারম্যান
৪ নম্বর ইছাকলস ইউনিয়ন পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট
মোবাইল নম্বর-০১৭১১-২৭৫৭৪৭.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-

১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৫। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট
৬। অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা, সিলেট